

শিক্ষা অধিদপ্তর  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.techedu.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.techedu.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের দপ্তর	তারিখ: ০২/০৫/২০
ডায়েরী নং: ৫৭৪৭	
<input checked="" type="checkbox"/> পরিচালক (প্রশাসন ও অর্থ)	
<input checked="" type="checkbox"/> পরিচালক (মোহরস্বাক্ষর ও বিপণন)	
<input checked="" type="checkbox"/> উপপরিচালক (প্রশাসন/স্বার্থ)	
<input checked="" type="checkbox"/> উপপরিচালক (শৈল্পিক পরামর্শ/ব্যবস্থাপনা)	
<input checked="" type="checkbox"/> ব্যক্তিগত কর্মকর্তা	

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬২.১৮.০০৩.১৬- ২৯৬


তারিখ : ২৯ মে, ২০১৬

বিষয় : ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি ওয়েব সাইটে আপলোড প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার কারিগরি শিক্ষার উপর অত্যন্ত গুরুত্বারোপ করেছেন। বর্তমানে কারিগরি শিক্ষার ক্ষেত্রে এনরোলমেন্টের হার মাত্র ১৩%। আগামী ২০২০ সাল নাগাদ এ হার ২০% এ উন্নীত করার উদ্যোগ নেয়া হয়েছে। তারই অংশ হিসেবে পলিটেকনিক ইনস্টিটিউট/সমমানের প্রতিষ্ঠানে ১ম ও ২য় শিফটে এবং টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহে ১ম শিফটে ছাত্র-ছাত্রী ভর্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর ফলে চলতি বছর বিভিন্ন টেকনোলজিতে অতিরিক্ত ২৬২২০ জন ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ পাবে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ৪(চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। ইতোমধ্যে বিভিন্ন পত্রিকায় ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। এর পাশাপাশি বহুল প্রচারের জন্য তাঁর আওতাধীন প্রতিষ্ঠানের ওয়েব সাইটে আপলোড করে প্রচার করা হলে ব্যাপক সাড়া পাওয়া যাবে এবং অনেক মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তি হতে উৎসাহিত হবে।

এমতাবস্থায়, ভর্তি বিজ্ঞপ্তি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

  
২৯.৫.১৬  
(মোঃ মিজানুর রহমান)  
যুগ্ম-সচিব  
ও  
পরিচালক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)  
(বিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে বিএমইটির ওয়েব-সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।  
(বিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে বিটিইবি'র ওয়েব-সাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৩। উপ-পরিচালক, ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল (NSDC), এনএসডিসি সচিবালয়, ঢাকা।  
(বিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে এনএসডিসি'র ওয়েব-সাইটে আপলোডের অনুরোধসহ)
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, এফবিসিসিআই (FBCCI), বিজিএমইএ (BGMEA), বিকেএমইএ (BKMEA),  
(বিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে ওয়েব-সাইটে আপলোডের অনুরোধসহ)

